গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩২৯ তারিখ: ৮ কার্তিক ১৪২৯
২৪ অক্টোবর ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় সিত্রাং উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এবং উত্তর বঙ্গোপসাগর এলাকায় (অক্ষাংশ: ১৭.৮° উত্তর, দ্রাঘিমাংশ: ৮৮.৮° পূর্ব) অবস্থান করছে। এটি আজ সকাল ০৬ টায় (২৪/১০/২০২২খ্রিঃ) চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৫৯০ কি.মি. দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৫৩৫ কি.মি. দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৫২৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমের এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৪৯৫ কি.মি. দক্ষিণ দক্ষিণ-পশ্চিমে অবস্থান করছিল। এটি আরও ঘণীভূত ও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আগামিকাল ভোররাত/সকাল নাগাদ খেপুপাড়ার নিকট দিয়ে বরিশাল-চট্টগ্রাম উপকূল অতিক্রম করতে পারে।

ঘূর্ণিঝড় কেন্দ্রের ৫৪ কি.মি. এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৬২ কি.মি., যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৮৮ কি.মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর বিক্ষুব্ধ রয়েছে।

মোংলা ও পায়রা সমুদ্রবন্দরসমূহকে ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৭ (সাত) নম্বর বিপদ সংকেত (পুন:) ০৭ (সাত) নম্বর বিপদ সংকেত দেখাতে বলা হয়েছে। উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষ্মীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ০৭ (সাত) নম্বর বিপদ সংকেতের আওতায় থাকবে।

চট্টগ্রাম ও কক্সবাজার সমুদ্রবন্দরসমূহকে ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৬ (ছয়) নম্বর বিপদ সংকেত (পুন:) ০৬ (ছয়) নম্বর বিপদ সংকেত দেখাতে বলা হয়েছে। উপকূলীয় জেলা চট্টগ্রাম ও কক্সবাজার এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ০৬ (ছয়) নম্বর বিপদ সংকেতের আওতায় থাকবে।

সাতক্ষীরা, খুলনা, বাগরেহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষ্মীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার নদীবন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর নৌ-বিপদ সংকেত (পুন:) ০৩ (তিন) নম্বর নৌ-বিপদ সংকেত দেখাতে বলা হয়েছে।

ঘূর্ণিঝড়টির অগ্রবর্তী অংশের প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় ৫০-৬০ কি.মি. বেগে দমকা/ঝড়ো বাতাস বয়ে যেতে পারে, সেই সাথে ভারি (৪৪-৮৮ মি.মি.) থেকে অতিভারি (≤ ৮৯ মি.মি.) বর্ষণ হতে পারে।

ঘূর্ণিঝড়টির অগ্রবর্তী অংশ, আমাবশ্যা তিথি ও বায়ুচাপ পার্থক্যের আধিক্যের প্রভাবে উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম ও কক্সবাজার এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০৫-০৮ ফুট অধিক উচ্চতার বায়ুবাড়িত জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

**২। আজ ২৪ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে পূর্ব/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৬২-৮৮ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ৩ নম্বর নৌ হুশিয়ারী সংকেত (পুনঃ) ৩ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

এছাড়া দেশের অন্যত্র পূর্ব/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ২ নম্বর (পুনঃ) ২ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ২৪ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা: পূর্ব মধ্য বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে ঘূর্ণিঝড় “সিত্রাং” এ পরিণত হয়েছে এবং এটি আজ সকাল ০৬ টায় (২৪ অক্টোবর, ২০২২) পূর্ব মধ্য বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও উত্তর বঙ্গোপসাগর এলাকায় (অক্ষাংশ ১৭.৮ ডিগ্রী উত্তর এবং দ্রাঘিমাংশ ৮৮.৮ ডিগ্রী পূর্ব) অবস্থান করছে। এটি আরো ঘণীভূত ও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আগামীকাল ভোর রাত/সকাল নাগাদ খেপুপাড়ার নিকট দিয়ে বরিশাল-চট্টগ্রাম উপকূল অতিক্রম করতে পারে।**

**পূর্বাভাস: ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারি থেকে অতি ভারি বর্ষণ হতে পারে।**

**তাপমাত্রা: সারাদেশের দিন এবং রাতের তাপমাত্রা (১-৩) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।**

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): এ সময়ের শেষের দিকে আবহাওয়ার উন্নতি হতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩২.৫ | ৩৪.৬ | **৩৫.২** | ২৯.৪ | ৩০.৬ | ৩১.৮ | ৩৩.৫ | ৩০.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২২.০ | ২৩.০ | **১৮.৫** | ২৪.৬ | ২২.৫ | ২১.২ | ২১.৬ | ২১.০ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সৈয়দপুর ৩৫.২$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৮.৫$^{o}$ সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

## ঘূর্ণিঝড় ‘সিত্রাং’ মোকাবিলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাঃ

১. লঘুচাপ সৃষ্টির পর থেকেই উপকূলীয় এলাকায় মানুষের মাঝে আগাম সর্তক বার্তা প্রচার করা হচ্ছে।

২. ঝুঁকিপূর্ণ সকল জেলা ও উপজেলা প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩. মানবিক সহায়তাঃ

১৯ টি জেলায় (খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, নড়াইল, যশোর, বরিশাল, পুটুয়াখালী, ভোলা, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, চট্টগ্রাম, কক্সবাজার, চাঁদপুর, নেয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, শরীয়তপুর, গোপালগঞ্জ) ৪৭৫ মেট্রিক টন চাল, ৯৫ লক্ষ টাকা, ১৯ হাজার শুকনা ও অন্যান্য খাবারের বস্তা/প্যাকেট, ৬৪১১ কার্টুন ড্রাইকেক (প্রতি কার্টুন ১.৫৬ কেজি), ৭৫৭৬ কার্টুন বিস্কুট (প্রতি কার্টুন ১.৩২ কেজি) বরাদ্দ দেওয়া হয়েছে।

৪. ঘূর্ণিঝড় ঘোষণার সাথে সাথে উপকূলীয় এলাকার জনগণকে আশ্রয়কেন্দ্রে স্থানান্তর করার ব্যবস্থা নেওয়া হয়েছে।

৫. বিপদ সংকেত ঘোষনার পর পর ১৩ টি উপকূলীয় জেলার ঝুঁকিপূর্ণ জনগনকে আশ্রয়কেন্দ্রে আনা শুরু হয়েছে।

৬. আবহাওয়া পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত ঝুঁকিপূর্ণ উপকূলীয় জেলাসমূহের জনগনকে আশ্রয়কেন্দ্রে অবস্থান করার ব্যবস্থা নেওয়া হয়েছে।

৭. আশ্রয়কেন্দ্রে বিদ্যুৎ ও প্রয়োজনীয় আলোর ব্যবস্থা, বিশুদ্ধ পানি, শুকনা ও রান্না করা খাবার পরিবেশনের ব্যবস্থা নেওয়া হয়েছে।

৮. গবাদিপশু আশ্রয়কেন্দ্রে আনার ব্যবস্থা করা হয়েছে এবং গো-খাদ্যের ব্যবস্থা করা হয়েছে।

**** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ঘূর্ণিঝড় 'সিত্রাং' এর আঘাতে সম্ভাব্য ক্ষতিগ্রস্ত জেলাসমূহে বিতরণের জন্য মোট ৪৭৫ মেঃ টন ত্রাণ কার্য (চাল), ৯৫,০০,০০০/- টাকা ত্রাণ কার্য (নগদ), ১৯,০০০ ব্যাগ/ বস্তা শুকনা ও অন্যান্য খাবার, ৬৪১১ কার্টুন অলিম্পিক ড্রাইকেক এবং ৭৫৭৬ কার্টুন অলিম্পিক ডাইজেস্টিভ বিস্কুট বরাদ্দ প্রদান করা হয়েছেঃ**

| ক্রঃ নং | জেলার নাম | ত্রাণ কার্য (চাল) (মেঃটন) | তাণ কার্য (নগদ টাকা) | শুকনা অন্যান্য খাবার (ব্যাগ/প্যাকেট) | ড্রাইকেক (কার্টুন) | ডাইজেস্টিভ বিস্কুট (কার্টুন) |
|---|---|---|---|---|---|---|
| ১ | খুলনা | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৫১১ | ৭৭৬ |
| ২ | বাগেরহাট | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩৫০ | ৪০০ |
| ৩ | সাতক্ষীরা | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৪০০ |
| ৪ | নড়াইল | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ২৫০ | ২৫০ |
| ৫ | যশোর | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৪০০ | ৪০০ |
| ৬ | বরিশাল | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৪০০ | ৪০০ |
| ৭ | পটুয়াখালী | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৪০০ | ৪০০ |
| ৮ | ভোলা | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৪০০ |
| ৯ | পিরোজপুর | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৩০০ |
| ১০ | বরগুনা | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৪০০ |
| ১১ | ঝালকাঠি | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ২৫০ | ২৫০ |
| ১২ | চট্টগ্রাম | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৫০০ | ৭০০ |
| ১৩ | কক্সবাজার | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩৫০ | ৪০০ |
| ১৪ | চাঁদপুর | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩৫০ | ৪০০ |
| ১৫ | নোয়াখালী | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৪০০ |
| ১৬ | লক্ষীপুর | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৩০০ |
| ১৭ | ফেনী | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ২৫০ | ৩০০ |
| ১৮ | শলীয়তপুর | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৩০০ |
| ১৯ | গোপালগঞ্জ | ২৫.০০ | ৫০০০০০ | ১০০০ | ৩০০ | ৪০০ |

| | মোট= | ৪৭৫ | ৯৫০০০০০ | ১৯০০০ | ৬৪১১ | ৭৫৭৬ |
|---|---|---|---|---|---|---|

**৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ**

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের সর্বশেষ তথ্যানুযায়ী, পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় "সিত্রাং" আগামী ২৫ অক্টোবর ভোরে বাংলাদেশের বরিশাল ও চট্টগ্রাম বিভাগের মধ্যবর্তী এলাকা দিয়ে উপকূল অতিক্রম করতে পারে। এর প্রভাবে আগামী ২৫-২৬ অক্টোবর দেশের উপকূলীয় অঞ্চল সহ দক্ষিণ-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল এবং উত্তর-পূর্বাঞ্চলে ভারী থেকে অতি ভারী বর্ষণ সংঘটিত হতে পারে।
- ঘূর্ণিঝড়ের প্রভাবে এই সময়ে দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের পার্বত্য অববাহিকার কতিপয় স্থানে আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে।
- ঘূর্ণিঝড়ের প্রভাবে এই সময়ে দেশের পূর্বাঞ্চলের মুহুরী, গোমতী ও উত্তর-পূর্বাঞ্চলের মনু, খোয়াই, সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে এবং সময় বিশেষে আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে।
- ঘূর্ণিঝড়টির অগ্রবর্তী অংশ, অমাবশ্যা তিথি ও বায়ুচাপ পার্থক্যের আধিক্যের প্রভাবে উপকূলীয় সকল জেলা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০৫-০৮ ফুট অধিক উচ্চতার বায়ুতাড়িত জলোচ্ছাসে প্লাবিত হতে পারে। এই প্রভাব বরিশাল এবং চট্টগ্রাম বিভাগের জেলাসমূহে অধিক হতে পারে।

**৫। বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২৪ অক্টোবর, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

**৬। বৃষ্টিপাতের তথ্য :**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| বরগুনা | ৯০.০ | পটুয়াখালী | ৮১.০ |
| বরিশাল | ৬৪.০ | নোয়াখালী | ৬৪.০ |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ: নেই।

| স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|
| - | - |

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ২১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৮৬ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০২ | **বিপদসীমার উপরে** | ০০ |
| **বন্যা আক্রান্ত জেলার সংখ্যা** | | | ০ |
| **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | | | ০ |

## ৭। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২২ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৩ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৫ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৬ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৩ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৫ | ০ | ০ |
| ৮। | খুলনা | ০ | ০ | ০ |
| | **মোট** | **২০** | **০** | **০** |

২৪-১০-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩২৯/১(১৭২)

তারিখ: ৮ কার্তিক ১৪২৯ / ২৪ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল)
৯) জেলা প্রশাসক (সকল)
১০) উপ-পরিচালক (সকল)
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৩) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা
১৪) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২৪-১০-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা